নেতা শুভমানে বিরক্ত বীরু

গুজরাট অধিনায়ক শুভমান গিলের সমালোচনায় বীরেন্দ্র শেহবাগ। বলেন, 'অধিনায়ক শুভমান দাগ কাটতে ব্যর্থ। পাওয়ার প্লে-তে ভাল বল করার পরও সিরাজকে সরানোর যুক্তি পাচ্ছি না।'

দলের হতশ্রী খেলায় ক্ষুব্ধ মানোলো

'এটাই ভারতীয় ফুটবল'

আজকালের প্রতিবেদন

শিলঙের মাঠে এএফসি এশিয়ান কাপ কোয়ালিফায়ারের লড়াইয়ে বাংলাদেশের বিরুদ্ধে গোলশূন্য ড্র করায় ভারতীয় কোচ মানোলো মারকোয়েজ প্রচন্ড বিরক্ত। তাঁর গলায় ঝরে পড়েছে একরাশ ক্ষোভ ও সমালোচনা। বলেছেন, 'ভারতীয় ফুটবলাররা বাংলাদেশ ম্যাচে খুব খারাপ খেলেছে। তবে তার জন্য শুধু ফুটবলারদের দোষ দিচ্ছি না। আমিও এর দায় এড়াতে পারি না। এদিন ম্যাচের প্রথম মিনিট থেকে ভুল করেছে ফুটবলাররা। গোলকিপার বিশালের ভুলে প্রায় গোল হয়ে যাচ্ছিল। গোটা দলটাই নিজেদের ক্ষমতা ও সুনামের প্রতি সুবিচার করতে পারেনি। আসলে এটাই ভারতীয় ফুটবলের বাস্তব চিত্র। বাংলাদেশ রীতিমতো চেপে ধরেছিল। সেখানে আমার ফুটবলারদের কোনও দিশা ছিল না। ম্যাচটা যে শেষপর্যন্ত হারিনি, এটাই স্বস্তির। গ্রুপের বাকি দু'দল হংকং ও সিঙ্গাপুর, নিজেদের খেলা গোলশূন্য শেষ করায় আমরা সকলে একজায়গায় দাঁড়িয়ে। জুনে হংকংয়ের বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচ রয়েছে। প্লে অফ ও সুপার কাপ শেষে হাতে বেশ কিছুটা সময় পাওয়া যাবে। যারা এখন চোটের জন্য জাতীয় দলের বাইরে, আশা করি তাদের পাওয়া যাবে। আশা করি, ছবিটা বদলাবে।'

মনবীর, ব্রেন্ডন, সাহাল, ছাংতে, আশিস, অনিরুদ্ধর মতো জাতীয় দলে খেলার বেশি অভিজ্ঞতা থাকা ফুটবলারদের হাতে পেলে কোচ মানোলোর হাহুতাশ হয়তো কমবে। একইসঙ্গে গ্রুপের বাকি থাকা ৫ ম্যাচে ভাল ফল করে শীর্ষে থেকে ২০২৭ সৌদি আরব এএফসি এশিয়ান কাপের মূল পর্বে যাবে। অবশ্য মানোলো যদি এই ফুটবলারদের নিজের পছন্দের তালিকায় শেষ পর্যন্ত রাখেন।

তবে এরপরও একটা বিষয় দুর্বোধ্য, ম্যাচ জেতার জন্য সুনীল ছেত্রিকে অবসর ভাঙিয়ে দলে ফেরানোর পর তাঁর দল গঠন থেকে ম্যাচ খেলানোর পরিকল্পনা এত দুর্বল কেন? মানোলো এখন আক্ষেপের সঙ্গে বলেছেন বটে, এটাই ভারতীয় ফুটবলের বাস্তব চিত্র। কিন্তু প্রশ্ন উঠছে, তিনি কি দায়িত্ব নেওয়ার সময় সেটা বোঝেননি?

গোলের পর মৌরিনের সঙ্গে উৎসব এলশাদাইয়ের। ছবি: এক্স

৫ গোল, খেতাবের আরও কাছে ইস্টবেঙ্গল

আজকালের প্রতিবেদন

হতাশ করেছে সিনিয়র পুরুষ দল। তবে দুর্দান্ত ছন্দে ইস্টবেঙ্গলের মহিলা দল। ইন্ডিয়ান উওমেন্স লিগে কল্যাণী স্টেডিয়ামে নিতা এফএকে ৫-১ হারাল লাল-হলুদ ব্রিগেড। জোড়া গোল করে ম্যাচের সেরা এলশাদাই আচিম্পং। বাকি গোলগুলি মৌরিন আচিয়েং, সৌম্যা গোগুলথ ও সুলঞ্জনা রাউলের করা। নিতার গোলদাতা রাহামা জাফারু।

জয়ের সুবাদে ১০ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষেই রইল ইস্টবেঙ্গল। তাদের নিকটতম প্রতিদ্বন্দ্বী গোকুলাম কেরল। সমসংখ্যক ম্যাচে তাদের সংগ্রহে ২৩ পয়েন্ট। তারা সর্বোচ্চ ৩৫ পয়েন্ট পর্যন্ত পৌঁছোতে পারে। অর্থাৎ ইস্টবেঙ্গল বাকি পাঁচ ম্যাচের তিনটিতে জিতলেই চ্যাম্পিয়ন। এই নিয়ে ইস্টবেঙ্গলের কোচ অ্যান্টনি অ্যান্ড্রুজ বলেন, 'এখনই চ্যাম্পিয়ন হওয়া নিয়ে ভাবছি না। আপাতত পরের ম্যাচ জেতাই লক্ষ্য।'

অন্যদিকে, রিলায়েন্স ফাউন্ডেশন ডেভেলপমেন্ট লিগের মূল পর্বের প্রথম ম্যাচে হারের ধাক্কা কাটিয়ে জয়ের সরণিতে ফিরল লাল-হলুদ। ডায়মন্ড হারবারকে ২-০ হারাল তারা। গোলগুলি করেন নাসিব রহমান ও আমন সিকে।

গম্ভীরকে খোঁচা গাভাসকারের

আজকালের প্রতিবেদন

চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারত চ্যাম্পিয়ন হওয়ায় ৫৮ কোটি টাকা আর্থিক পুরস্কার দিয়েছে বিসিসিআই। প্লেয়াররা এবং কোচ ৩ কোটি টাকা করে পাবেন। আর সহকারী কোচ এবং সাপোর্ট স্টাফরা ৫০ লাখ টাকা করে পাবেন, জানিয়েছেন বোর্ড সচিব দেবজিৎ সইকিয়া। এই জায়গাটাতে আলো ফেলে কোচ গৌতম গম্ভীরকে কঠিন প্রশ্ন ছুড়ে দিয়েছেন সুনীল গাভাসকার। ভারতীয় দলের আগের কোচ রাহুল দ্রাবিড় টি২০ বিশ্বকাপ জয়ের পর সরাসরি জানিয়েছিলেন, তিনি সাপোর্ট স্টাফদের থেকে বেশি টাকা নিতে চান না। সেই উদাহরণ মনে করিয়ে দিয়েই গম্ভীরকে ঠুকেছেন সানি।

বলেছেন, 'ভারত টি২০ বিশ্বকাপ জেতার পরও বোর্ড আর্থিক পুরস্কার ঘোষণা করেছিল। কিন্তু তৎকালীন কোচ রাহুল দ্রাবিড় তার সহকারীদের থেকে এক টাকাও বেশি নিতে চায়নি। টাকা সবার সঙ্গে সমান ভাগে ভাগ করে নিয়েছে। আসলে ও বরাবরই টিমম্যান। চ্যাম্পিয়ন্স ট্রফি জেতার পরও বোর্ড আর্থিক পুরস্কার ঘোষণা করেছে। কিন্তু বর্তমান কোচকে এ বিষয়ে একটি শব্দও গত কয়েকদিনে খরচ করতে দেখিনি! দ্রাবিড় দুরন্ত একটা উদাহরণ তৈরি করেছিল। দলের প্রধান কোচ হিসেবে ও কি আদর্শ রোল মডেল হয়ে উঠতে পারেনি?' শেষের এই প্রশ্নেই, গাভাসকারের স্পষ্ট ইঙ্গিত গম্ভীরের দিকে। তাঁর আসলে প্রশ্ন, গম্ভীর কেন একইরকম কোনও উদাহরণ তৈরি করল না?

গম্ভীরকে খোঁচা দিলেও, বোর্ডের ভূমিকাকে স্বাগত জানিয়েছেন গাভাসকার। বলেছেন, 'বোর্ডের এখন যথেষ্ট আর্থিক সঙ্গতি রয়েছে। দেখে ভাল লাগছে, বোর্ড ভাল খেলার স্বীকৃতি দিচ্ছে। ক্রিকেটাররা আইসিসি-র কাছ থেকেও আর্থিক পুরস্কার পাচ্ছে। সব মিলিয়ে অঙ্কটা বেশ ভাল।'

দুরন্ত সেফার্ট, শেষ ম্যাচেও হারল পাকিস্তান

নিয়মরক্ষার ম্যাচেও হেরে বিষণ্ণ শাদাব খানরা। ছবি: এক্স

আজকালের প্রতিবেদন

চ্যাম্পিয়ন্স ট্রফিতে ব্যর্থতার পর আগামী প্রজন্ম তুলে আনার বার্তা দিয়েছিল পাকিস্তান ক্রিকেট বোর্ড। সে-কথা মাথায় রেখেই নিউজিল্যান্ডের বিরুদ্ধে টি২০ সিরিজে তরুণ দল ঘোষণা করেছিল পাকিস্তান। পাঁচ ম্যাচের সিরিজের শেষ ম্যাচেও সলমান আগারা লজ্জাজনক হারের সাক্ষী থাকলেন। নিউজিল্যান্ড ৪-১ ফলে টি২০ সিরিজ জিতে একদিনের সিরিজ খেলতে নামবে। পাকিস্তান ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে মাত্র ১২৮ রান তোলে। কিউয়িরা মাত্র ১০ ওভারে রান তাড়া করে ৮ উইকেটে জয় তুলে নেয়। বিধ্বংসী ফর্মে থাকা ওপেনার টিম সেফার্ট স্বল্প লক্ষ্যের ম্যাচেও শতরানের দোরগোড়ায় পৌঁছে গিয়েছিলেন। ৯৭ রানে অপরাজিত থেকে গেলেন শেষ পর্যন্ত।

বুধবার টস জিতে পাকিস্তানকে ব্যাটিং করানোর সিদ্ধান্ত নেয় নিউজিল্যান্ড। ২৫ রানের মধ্যেই তিন উইকেট হারিয়ে চাপে পড়ে যায় পাকিস্তানের নয়া প্রজন্ম। সেখান থেকে খানিকক্ষণের মধ্যে ৫২/৫। ষষ্ঠ উইকেটে সলমান আগা এবং শাদাব খান জুটি বেঁধে ৫৪ রান যোগ করেন। তাতে লজ্জার হাত থেকে বাঁচে পাকিস্তান। নয়তো বল প্রতি এক রানের হিসেবেও লক্ষ্যমাত্রা রাখা সম্ভব হত না। বল হাতে আগুন জ্বালালেন জিমি নিশাম। পাঁচটি উইকেট নিলেন তিনি।

এই রান দুরন্ত ছন্দে থাকা নিউজিল্যান্ডের কাছে জলভাত ছিল। টিম সেফার্ট সিরিজ জুড়ে ভয়ঙ্কর ফর্মে ছিলেন। অ্যালেন ফিনকে সঙ্গে নিয়ে প্রথম উইকেটে ৯৩ তোলেন। ফিন ১২ বলে ২৭ করে আউট হলেও সেফার্ট ৩৮ বলে ৯৭ রানে অপরাজিত থেকে যান। ইনিংসে তিনি ১০টি ওভার বাউন্ডারি এবং ৬টি বাউন্ডারি হাঁকান। জাহাঁদাদ খান দু'ওভার বোলিং করে সেফার্টদের বিরুদ্ধে ৪৩ রান দেন। সিরিজ চলাকালীন প্রতি পদে পদে নিউজিল্যান্ড বুঝিয়ে দেয়, পাকিস্তানের আগামী প্রজন্ম একেবারেই তৈরি নয়।

ঢেলে সাজানো হচ্ছে বিদ্যাসাগর ক্রীড়াঙ্গন। অ্যাস্ট্রোটার্ফের বদলে বসছে ঘাসের মাঠ। সুইমিংপুল, টেবিল টেনিস, ব্যাডমিন্টন ও ক্রিকেট পরিকাঠামোর কাজও শেষের পথে। বুধবার সেই কাজ পরিদর্শনে বারাসতে যান ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। উপস্থিত ছিলেন সাংসদ পার্থ ভৌমিক-সহ অন্যরাও।

খেলার খুচরো

অনিশ্চিত নুনো

মোহনবাগানের অনুশীলনে যোগ দিলেন নুনো রেইস। অ্যাপেন্ডিক্স অপারেশন হয়েছে। বিদেশি কোটায় তাঁর নাম নথিভুক্ত হয়নি। সুপার কাপে হয় কিনা, সেটাই দেখার। বুধবার বিমানবন্দর থেকে সরাসরি অনুশীলনে আসেন আপুইয়া। জাতীয় শিবিরের বাকি বাগান ফুটবলাররা আজ অনুশীলনে যোগ দেবেন।

সংবর্ধিত সায়নী

বি সি রায় ইঞ্জিনিয়ারিং কলেজে সংবর্ধিত সাঁতারু সায়নী দাস, পবর্তারোহী উদয় কুমার। সায়নীর বার্তা, 'আগামী ৫ এপ্রিল জিব্রাল্টার পাড়ি দেব। নতুন চ্যালেঞ্জ সামনে। ছোটদের বলব, খেলাধুলোয় আরও বেশি মন দাও।'

যুকো ব্যাঙ্ক UCO BANK
(A Govt. of India Undertaking)

জোনাল অফিস, দুর্গাপুর
আইনস্টাইন অ্যাভিনিউ, 'বি' জোন, দুর্গাপুর,
জেলা- পশ্চিম বর্ধমান, পিন-৭১৩২০৫

লকার ভেঙে খোলা সম্পর্কিত তথ্য

ইউকো ব্যাঙ্ক, বাজেপ্রতাপপুর ব্রাঞ্চের নিম্নলিখিত লকারধারকগণ নির্ধারিত মেয়াদ/ সময়সীমার মধ্যে বকেয়া ভাড়া পরিশোধ করেনি। সেই কারণে আমাদের বাজেপ্রতাপপুর ব্রাঞ্চ সময়ে সময়ে চিঠি, টেলিফোন ইত্যাদির মাধ্যমে এই ধরনের লকারধারকদের বকেয়া ভাড়া পরিশোধের জন্য বারংবার অনুরোধ জানিয়েছিল; কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি, যেহেতু বকেয়া ভাড়া আদায়ে আমাদের যাবতীয় প্রচেষ্টা ব্যর্থ হয়েছে, তাই ব্যাঙ্ক এখন এই ধরনের লকারে থাকা জিনিসপত্র নিলামের মাধ্যমে বকেয়া ভাড়া পুনরুদ্ধারের সিদ্ধান্ত নিয়েছে এবং ব্যাঙ্কের নির্দেশিকা অনুসারে ওই লকারগুলি ভেঙে খোলার সিদ্ধান্ত নিয়েছে। ভাঙার জন্য যে চার্জ প্রযোজ্য, তা সংশ্লিষ্ট লকারধারকের থেকে অথবা লকারে পাওয়া জিনিসপত্রের নিলাম থেকে আদায় করা হবে। যেসব লকার ভেঙে খেলা হবে, সেগুলির বিস্তারিত তথ্য এখানে নীচে দেওয়া হল। এই ধরনের লকারধারকদের অবগতির জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে এবং নোটিশের নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া আদায় না করা হলে, ব্যাঙ্ক ওই লকারগুলি ভেঙে খোলার প্রক্রিয়া শুরু করবে।

নাম	ঠিকানা	লকার নং	যে তারিখ থেকে ভাড়া বকেয়া	প্রথম বিজ্ঞপ্তির তারিখ (G119)	দ্বিতীয় নোটিশের তারিখ (G119A)	তৃতীয় নোটিশের তারিখ (G119B)	চতুর্থ নোটিশের তারিখ (G119C)
মদন লাল ভগত	বাজেপ্রতাপপুর, বর্ধমান-৭১৩১০১	AA031	০১.০৬.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
প্রণব কুসুম চৌধুরি	বাজেপ্রতাপপুর, বর্ধমান-৭১৩১০১	AC012	০১.০১.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
জয়ন্ত সান্যাল	বাজেপ্রতাপপুর, বর্ধমান-৭১৩১০১	AA017	১২.১১.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
হেরম্বলাল মুখার্জি	৭০, এবি স্টেশন বাজার, বর্ধমান-৭১৩১০১	AA071	২৩.০৯.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
লক্ষণ চন্দ্র পাল	জামালপুর, বর্ধমান-৭১৩১০১	AA033	০১.০১.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
বাপ্পাদিত্য চৌধুরি	লক্ষ্মীপুর, বর্ধমান-৭১৩১০১	DA052	২৮.০২.২০১৯	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
পুরুষোত্তম চৌধুরি	১, ডি.এন. মিত্র রোড, বর্ধমান-৭১৩১০১	CA003	০১.০৭.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
চন্দ্রশেখর তা	পিতা প্রয়াত অনিল কুমার তা, বর্ধমান-৭১৩১০১	BA003	০১.০২.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
গান্ধীমোহন ধর	আলুডাঙ্গা, বর্ধমান-৭১৩১০১	CA061	০১.১১.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
অরুণ কুমার মন্ডল	রেলওয়ে কোয়ার্টার, ১৯৩/এবি লোকো কলোনি, বর্ধমান-৭১৩১০১	CA070	০১.০৪.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫
সমরনাথ হাজরা	বাজেপ্রতাপপুর, বর্ধমান-৭১৩১০১	AA035	০১.০৯.২০১৭	২২.১০.২০২৪	২০.১১.২০২৪	১০.১২.২০২৪	০৭.০১.২০২৫

তারিখ: ২৭.০৩.২০২৫ স্থান: দুর্গাপুর — জোনাল অফিস, দুর্গাপুর, ইউকো ব্যাঙ্ক

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই-৪০০০১৩
পশ্চিমবঙ্গ ব্রাঞ্চের ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা-৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল রুল ৮(৬) ও রুল ৯(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ৩০ দিনের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ ('ঋণগ্রহীতাগণ')-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে ২৯.০৪.২০২৫ তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি **২৯.০৪.২০২৫ তারিখে দুপুর ২টোয়** ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **২৮.০৪.২০২৫ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।** সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি 'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	বায়না জমা	দখলের প্রকৃতি	২০.০৩.২০২৫ অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক
১.	10481817	মিসেস অর্চনা শিকদার, মিঃ রমেশ শিকদার, মিঃ তাপস শিকদার	₹১১,৪৫,৯৩৮.০০ (এগারো লক্ষ পঁয়তাল্লিশ হাজার নশো আটত্রিশ টাকা মাত্র) ১২.০৯.২০২২	₹১৭,৩৫,৬৮০.০০ (সতেরো লক্ষ পঁয়ত্রিশ হাজার ছশো আশি টাকা মাত্র)	₹১,৭৩,৫৬৮.০০ (এক লক্ষ তিয়াত্তর হাজার পাঁচশো আটষট্টি টাকা মাত্র)	বাস্তবিক	₹১৯,৩০,৪৮৯.০০ (উনিশ লক্ষ তিরিশ হাজার চারশো উননব্বই টাকা মাত্র)
			স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ১০০ বর্গফুট মাপের কাঠামো/ বাড়ি সমেত সামান্য কমবেশি ২ কাঠা জমি নিয়ে গঠিত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: অংশ বিশেষে আর এস দাগ নং ২৫৩৮, এল আর দাগ নং ৪৫৬৬, আর এস খতিয়ান নং ১৬৭, এল আর খতিয়ান নং ৪৬১৮ ও ৬৫১১, জে এল নং ৬, আর এস নং ৩৭, মৌজা- হালিশহর, থানা- বীজপুর, জেলা- উত্তর ২৪ পরগনা, বর্তমানে যেরূপে পরিচিত ও নম্বরযুক্ত: মিউনিসিপ্যাল হোল্ডিং/ প্রেমিসেস নং ১৩২/এন, নবনগর মেন রোড, হালিশহর পুরসভার ৮ নং ওয়ার্ডের এলাকাধীন। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- মণীন্দ্র পাল সিং; দক্ষিণ- ৬ ফুট চওড়া যৌথ পরিসর; পূর্ব- মনোরঞ্জন পাল দিং; পশ্চিম- প্রকাশ দাস।				
২.	TCHHL050000010008 8675	মিসেস কুলসুম বানো, মিসেস মুমতাজ হুসেন	₹১১,৪৩,২৩৪.০০ (এগারো লক্ষ তেতাল্লিশ হাজার দুশো চৌত্রিশ টাকা মাত্র) ১৯.১১.২০২৪	₹১৮,২৩,৮০০.০০ (আঠারো লক্ষ তেইশ হাজার আটশো টাকা মাত্র)	₹১,৮২,৩৮০.০০ (এক লক্ষ বিরাশি হাজার তিনশো আশি টাকা মাত্র)	বাস্তবিক	₹১২,০৮,৭৯৪.০০ (বারো লক্ষ আট হাজার সাতশো চুরানব্বই টাকা মাত্র)
			স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ৬ কাঠা ১ ছটাক ৪৩ বর্গফুট মাপের জমিতে নির্মীয়মান 'সৌরভ ও শ্যামা অ্যাপার্টমেন্ট' নামক বহুতল বিল্ডিংয়ের তৃতীয় তল বা সেকেন্ড ফ্লোরে পূর্ব-উত্তর কোণে ২ (দুটি) বেডরুম, ২ (দুটি) টয়লেট কাম বাথ, ১ (একটি) কিচেন, ১ (একটি) ডাইনিং কাম ড্রয়িং, ১ (একটি) ব্যালকনি নিয়ে গঠিত সামান্য কমবেশি ৮২৯ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ২০৫ বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- পোদড়া, জে এল নং ৩৮, আর এস দাগ নং ৪৫৯, এল আর দাগ নং ৬০৩, আর এস খতিয়ান নং ৪০২, এল আর খতিয়ান নং ১০২৭, ১১৩৬, ১৮৬৩, নতুন এল আর খতিয়ান নং ২০৭/১, ৫৩০০ ও ৫২৯৯, থানা- সাঁকরাইল, জেলা- হাওড়া, পিন-৭১১১০৯, থানামাকুয়া (বর্তমানে পোদড়া) গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন।				
৩.	TCHHL05000001000 88708 এবং 99825666	মিঃ অশোক দাস, মিসেস রূপালি দাস	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000001000088708-এর প্রেক্ষিতে ₹২৫,৬৪,৪৮০.০০ (পঁচিশ লক্ষ চৌঁষট্টি হাজার চারশো আশি টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 99825666-এর প্রেক্ষিতে ₹১,০০,৭৭৯.১৭ (এক লক্ষ সাতশো উনআশি টাকা এবং সতেরো পয়সা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹২৬,৬৫,২৫৯.১৭ (ছাব্বিশ লক্ষ পঁয়ষট্টি হাজার দুশো উনষাট টাকা এবং সতেরো পয়সা মাত্র) ২৩.০৩.২০২৩	₹২৫,২৯,১০০.০০ (পঁচিশ লক্ষ উনত্রিশ হাজার একশো টাকা মাত্র)	₹২,৫২,৯১০.০০ (দুই লক্ষ বাহান্ন হাজার নশো দশ টাকা মাত্র)	বাস্তবিক	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000001000088708-এর প্রেক্ষিতে ₹৩২,৭৭,৪৩৯.০০ (বত্রিশ লক্ষ সাতাত্তর হাজার চারশো উনচল্লিশ টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 99825666-এর প্রেক্ষিতে ₹১,৬৫,৫২৯.০০ (এক লক্ষ পঁয়ষট্টি হাজার পাঁচশো উনত্রিশ টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹৩৪,৪২,৯৬৮.০০ (চৌত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার নশো আটষট্টি টাকা মাত্র)
			স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ১০ কাঠা বা ৭.৪২ ডেসিমেল বাস্তু জমির অবিভক্ত অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের তৃতীয় তল বা সেকেন্ড ফ্লোরে দক্ষিণ দিক অভিমুখী টাইলের মেঝে দেওয়া ২ (দুটি) বেডরুম, ১ (একটি) লিভিং/ ডাইনিং রুম, বাথ, কিচেন, বারান্দা, টয়লেট কাম প্রিভি নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ৮৩৯ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ২০৭ বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- জলঘুড়া, জে এল নং ৪, আর এস নং ৬২, তৌজি নং ২৮২৭, আর এস দাগ নং ৭৩৪, আর এস খতিয়ান নং ৪৮২, এল আর দাগ নং ৮৩৫, থানা- মহেশতলা, অংশ বিশেষে হোল্ডিং নং বি-৮৪৬, চট্টা চড়িয়াল রোড, থানা- মহেশতলা, মহেশতলা পুরসভার ২৪ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা- দক্ষিণ ২৪ পরগনা। **দ্রষ্টব্য: ডিআরটি-III, কলকাতা সমীপে টিসিএইচএফএল-এর বিরুদ্ধে ঋণগ্রহীতা দ্বারা দায়ের করা এসএ/৬৪৬/২০২৩ এবং ডিআরটি, কলকাতা সমীপে এসএ/০৫/২০২৪ মীমাংসাধীন। তবে, উক্ত মামলায় টিসিএইচএফএল-এর বিরুদ্ধে কোনও স্থগিতাদেশ জারি হয়নি।** বিড জমা দেওয়ার আগে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। এই নিলাম উক্ত মামলার রায় সাপেক্ষ হবে।				
৪.	TCHHL050000010017 8535 এবং TCHIN0500000100180 577	মিঃ প্রসেনজিৎ প্রামাণিক, মিসেস প্রিয়াঙ্কা দে	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000001000178535-এর প্রেক্ষিতে ₹২৫,৩৯,৪৪০.০০ (পঁচিশ লক্ষ উনচল্লিশ হাজার চারশো চল্লিশ টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং TCHIN05000001000180577-এর প্রেক্ষিতে ₹২,০২,০৬৩.০০ (দুই লক্ষ দুই হাজার তেষট্টি টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹২৭,৪১,৫০৩.০০ (সাতাশ লক্ষ একচল্লিশ হাজার পাঁচশো তিন টাকা মাত্র) ১২.০৮.২০২৪	₹৩৯,৫০,৮০০.০০ (উনচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার আটশো টাকা মাত্র)	₹৩,৯৫,০৮০.০০ (তিন লক্ষ পঁচানব্বই হাজার আশি টাকা মাত্র)	বাস্তবিক	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000001000178535-এর প্রেক্ষিতে ₹২৮,৫৪,৯৯৩.০০ (আঠাশ লক্ষ চুয়ান্ন হাজার নশো তিরানব্বই টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং TCHIN05000001000180577-এর প্রেক্ষিতে ₹২,২৭,৬৬৯.০০ (দুই লক্ষ সাতাশ হাজার ছশো উনসত্তর টাকা মাত্র) বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹৩০,৮২,৬৬২.০০ (তিরিশ লক্ষ বিরাশি হাজার ছশো বাষট্টি টাকা মাত্র)
			স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ৩ কাঠা ১০ ছটাক জমির প্লটের অবিভক্ত ও অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের দ্বিতীয় তল বা ফার্স্ট ফ্লোরে সামান্য কমবেশি ১১৬২